"পরম করুণাময় মহান সৃষ্টিকর্তার নামে শুরু করছি"

# নিবেদন

**"রাজনীতির নতুন ধারা উত্তরণে গণতন্ত্র"** বইটির প্রেক্ষাপট লেখার জন্য পরম করুণাময় ও মহান সৃস্টি কর্তা আল্লাহ রব্বুল আলামিনের অসংখ্য শুকরিয়া জ্ঞাপন এবং, সেই সাথে রাসুলে করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি অগণিত দুরুদ ও সালাম এর নযরানা পেশ করছি।

সৃষ্টিকর্তার অশেষ মেহেরবানীতে আমার উদ্দেশ্য ও স্বপ্ন বাস্তবতার নীরিক্ষে আমার কল্পনার আলোকে লেখার উদ্যোগ গ্রহণ।

বিশেষ করে স্বাধীনতার পূর্ববর্তী ১০ বছর ও পরবর্তী ৪০ বছরের রাজনীতি পর্যালোচনা মানসিক বিকাশে উপনীত আমার ইচ্ছা বা উদ্যোগ মহান সৃস্টিকর্তার অশেষ অনুগ্রহে জনমানুষের ভাগ্যের পরিবর্তনে সহায়ক ভূমিকা রাখার দাবিদার, উক্ত ধারণা বা বিশ্বাস  নিয়ে রাজনীতিতে পথ চলা এবং আগামী দিনের রাজনৈতিক পট পরিবর্তন সম্ভব হবে না- যদি না দেশের গুণী-জ্ঞানী ব্যক্তিদের ইচ্ছার বহি:প্রকাশ না ঘটে, বিশেষ করে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার ইচ্ছার প্রতিফলন না হয়।

তাই আমার নিবেদন ও আবেদন মাননীয় প্রধান উপদেষ্টার জ্ঞাতার্থে।

আরো প্রত্যাশা ও আগ্রহ বাস্তবায়নে ১৮.৪৫ কোটি জনমানুষের ভাগ্য উন্নয়নে বিগত ১৯৭১ পূর্ব ও পরবর্তী সময়ে জীবন উৎসর্গকারী ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। স্মরণ করছি গণতন্ত্র বিকাশের অগ্রযাত্রী জ্ঞানী-গুনী মহান ব্যক্তিদের বিদেহী আত্মাকে, বিশেষ করে স্মরণ করছি মহান পুরুষ বাংলার বাঘ সৈয়দ সোহরাওয়ার্দী, এ.কে. ফজলুল হক এবং মজলুম জননেতা মাওলানা ভাসানী, তাদের প্রতি হাজারো সালাম। আরো স্মরণ করছি ১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধের সময়কালীন নেতা শেখ মুজিবর রহমান কে ও যুদ্ধকালীন সময়ের প্রধানমন্ত্রী মোঃ তাজউদ্দীন কে। স্মরণ করছি, স্বাধীনতা পরবর্তী সময়ে গণতন্ত্র প্রতিষ্ঠার মহানায়ক মেজর জেনারেল শহীদ জিয়াউর রহমান কে। সকলের জন্য জান্নাত কামনা করছি।

স্মরণ করছি ভাষা আন্দোলনের মহানায়ক শহীদ - রফিক, সালাম, বরকত, জব্বার আত্মত্যাগকারী ছাত্র সেনাদের।

স্মরণ করছি বর্তমান কোটা আন্দোলন ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মাহুতি দেওয়া জীবন-উৎসর্গকারী সকল শহীদ ছাত্র  সেনাদের এবং তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন , তাহাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ,সমবেদনা ও দুঃখ প্রকাশ এবং শহীদি মর্যাদা পাওয়ার জন্য সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা। শহীদদের প্রতি হাজারো সালাম জানানো আর্দশের বহিঃপ্রকাশ এবং আমাদের নৈতিক অধিকার।

যে কোন সংগ্রামী ছাত্র-জনতা ও পুলিশ এর বীরত্বের স্বীকৃতি দেওয়া নৈতিক দায়িত্ব ও কর্তব্য আমাদের সকলের।

আরো শ্রদ্ধার সাথে স্মরণ করছি কোটা আন্দোলন ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে স্থপতিদের মধ্যে বাঙ্গালী জাতির আদর্শ প্রাণপুরুষ কোটা ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মহুতি দেওয়া মহান সৈনিক শহীদ আবু সাঈদ কে,

বীর বেসে জীবন বির্সজন  দিয়ে মাতৃী ভূমি হতে হায়না গোষ্ঠিকে দূর করে নতুন বাংলাকে উপহার  দেওয়া  জন্য। তার আদর্শ আমাদের মাঝে হাজার বছরের আদর্শ নীতির বহিঃপ্রকাশ এবং তার আত্নার মাগফেরাত কামনা করছি।

পক্ষান্তরে সংগ্রামী ছালাম জানাই দেশবাসী ও মহান ব্যক্তিত্ব রাজনৈতিক ব্যক্তিবর্গকে, বিশেষ করে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির প্রতি সালাম এবং সালাম জানাই আধুনিক গণতন্ত্রের সংস্কারের রূপকার বিশ্ববরেণ্য বর্তমান অন্তবর্তীকালীন সরকার প্রধান মাননীয় প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী ড. মোঃ ইউনুস কে।

আরো সালাম জানাই কোটা আন্দোলন ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে স্বৈরশাসনের পতনের সময় শান্তি রক্ষার অগ্রনেতা বর্তমান মাননীয় সেনা প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানকে এবং তাহার আদর্শনীতির কৃতিতের বহিঃপ্রকাশকে।

সর্বশেষ দেশবাসীর নিকট দোয়া প্রর্থনা আমার ঐকান্তিক প্রচেষ্টার সফলতার জন্য।

দেশবাশীর নিকট আমার নিবেদন, রাজনীতির পট পরিবর্তনে ও রাজনীতির চলার পথের সাথী আমার লেখা **“রাজনীতির নতুন ধারা উত্তরণে গণতন্ত্র”** ।

সৃষ্টিকর্তা আমাদের সহায় হবেন।